গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
জাহাজ ও নৌ চলাচল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮৩.৫০.০১৫.২৩.২৭০ তারিখ: ৭ কার্তিক ১৪৩০
২৩ অক্টোবর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্তমানে বর্ধিত মেয়াদে কার্যরত ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের সাথে আগামী ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ অথবা নতুন ঠিকাদার নিয়োগ, যা আগে ঘটে সে পর্যন্ত খাদ্যশস্য পরিবহণের জন্য সম্পূরক চুক্তি (Supplementary Contract) সম্পাদন**

এতদ্দারা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্তমানে কার্যরত ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের জানানো যাচ্ছে যে, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৪.১২.২০১৮ খ্রি. তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২. ৯৪৩.১৭-১৮৯ নং স্মারকের আইনগত পরামর্শ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭৬(১)(ক) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সরাসরি ক্রয় পদ্ধতির সরাসরি চুক্তির (Direct Contracting) অনুসরণে বিদ্যমান পরিবহণ ঠিকাদারদের সঙ্গে ভবিষ্যৎ কার্য সম্পাদনের জন্য ইতঃপূর্বেকার চুক্তি অনুযায়ী ঠিকাদারদের প্রদত্ত সেবা ক্রয়কারীর কাছে সন্তোষজনক প্রতিপন্ন হওয়া সাপেক্ষে সংশোধিত চুক্তিমূল্যে {বিধি-১৬(৫ক)} ঠিকাদার নিয়োগের বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.১১.০০২.২০.১১৮ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিপিটিইউ এর আইনগত পরামর্শ, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের সাথে ভবিষ্যৎ কার্যসম্পাদনের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্তমানে কর্মরত আগ্রহী ঠিকাদারদের নিকট হতে ০১ ও ০২ নং লটে আগামী ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ অথবা নতুন ঠিকাদার নিয়োগ, যা আগে ঘটে সে পর্যন্ত মেয়াদে খাদ্যশস্য পরিবহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তসমূহঃ**

০১। ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্তমানে কার্যরত **ডিবিসিসি, ঢাকা** নৌপরিবহণ ঠিকাদারগণ ০৯.১১.২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-১.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;

০২। পিপিআর এর বিধি ৭৬(১)(ক) ও ৩৮(১৩) অনুযায়ী বর্তমানে কর্মরত ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের সাথে আগামী ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ অথবা নতুন ঠিকাদার নিয়োগ, যা আগে ঘটে সে পর্যন্ত ৩০.০৮.২০২২ খ্রি. তারিখে নির্ধারিত দরের উপর ১৪.৫৯% দর বৃদ্ধিসহ কার্য সম্পাদিত হবে;

০৩। ০১.০৩.২০২৩ খ্রি. হতে ৩১.০৮.২০২৩ খ্রি. পর্যন্ত ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের অনুকূলে জারিকৃত কেন্দ্রীয় চলাচল সূচির ৭৫% পরিবাহিত খাদ্যশস্য সন্তোষজনক পারফর্মেন্সের ভিত্তিতে ঠিকাদার নির্বাচন করা হবে;

০৪। ইতিপূর্বে মামলা মোকদ্দমায় দোষী সাব্যস্ত হয়েছে/মালামাল পরিবহণের ক্ষেত্রে খাদ্য বিভাগীয় তদন্তে দোষী সাব্যস্ত হয়েছে/আর্থিকভাবে কার্যসম্পাদনে অযোগ্য প্রমাণিত হয়েছে, এরূপ আগ্রহী ঠিকাদার চুক্তি সম্পাদনে অযোগ্য হিসেবে বিবেচিত হবেন;

০৫। ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্তমানে বর্ধিত মেয়াদের জন্য ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ ঠিকাদারদের সাথে স্বাক্ষরিত চুক্তির শর্ত বলবৎ থাকবে;

০৬। আবেদনকারী ঠিকাদারকে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং নিজ স্বাক্ষরে হালনাগাদ তথ্য সংবলিত আবেদন করতে হবে;

০৭। ঠিকাদারের পক্ষে এফিডেভিট বা প্রতিনিধিত্বমূলক কোন আবেদন গ্রহণযোগ্য নয়;

০৮। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে;

০৯। মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদনপূর্বক নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদান করা হবে;

১০। চুক্তি সম্পাদন পূর্বে সিডিউল্ড ব্যাংক হতে চুক্তি সম্পাদন জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ১,০০,০০০ (এক লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি সমন্বয় করা যাবে;

১১। সিডিউল্ড ব্যাংক হতে পণ্যের নিরাপত্তা জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০.০৯.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত) দাখিল করতে হবে অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০.০৯.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত) সমন্বয় করা যাবে;

১২। নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যাম্প ও চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

১৩। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট হতে আবেদনপত্র (ফরম এস-১) ও আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-২) ডাউনলোড করে পূরণপূর্বক জমা দিতে হবে;

১৪। মৃত্যুজনিত/অন্যান্য কারণে যে সকল **ডিবিসিসি, ঢাকা নৌপরিবহণ** ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, সে সকল প্রতিষ্ঠানসমূহের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আবেদনের সাথে যে সকল কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১);
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২);
০৩। জাতীয় পরিচয়পত্র;
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
০৫। ২০২২-২০২৩ করবছরের আয়কর সনদ;
০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি;
০৭। ৩০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অতীত দায়দেনার হলফনামা (নোটারিকৃত/প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদানকৃত);
০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);

উপর্যুক্ত শর্ত সাপেক্ষে আগামী ০৯.১১.২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত চাহিত কাগজপত্রাদিসহ আবেদনপত্র চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বিকাল ২.৩০ ঘটিকায় আবেদনপত্র কারিগরি সাব কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: ফরম এস-১ ও ফরম এস-২

২৩-১০-২০২৩
রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬
ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪
ইমেইল: dmss@dgfood.gov.bd

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) মহাপরিচালক, মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা
৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট নৌ পরিবহণ ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট
৭) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৮) পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৯) সিনিয়ার তথ্য অফিসার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তি, ফরম এস-১ ও ফরম এস-২ ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।)
১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল), ঢাকা বিভাগ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট নৌ পরিবহণ ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১২) ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).........
১৩) (সংশ্লিষ্ট নৌ পরিবহণ ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১৪) মেসার্স........................................., নৌপরিবহণ পরিবহণ ঠিকাদার, ডিবিসিসি, ঢাকা
১৫) খাদ্য অধিদপ্তরের নোটিশ বোর্ড
১৬) অফিস/মাস্টার কপি

# আবেদনপত্র (ফরম এস-০১)

## ডিবিসিসি, ঢাকা

প্রাপকঃ
পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি সড়ক
ঢাকা

বিষয়ঃ ---------------নং লটে নিয়োগের লক্ষ্যে কাগজপত্রাদি দাখিল এবং অঙ্গীকারনামা প্রদান

সূত্রঃ বিজ্ঞপ্তি নম্বর ১৩.০১.০০০০.০৮৩.৫০.০০৮.২৩. তারিখ- ----.১০.২০২৩ খ্রি.

প্রিয় মহোদয়,

আপনার .১০.২০২৩ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক ডিবিসিসি, ঢাকা ও তৎসম্পর্কিত সেবার লট নম্বর ................ও .............. এর জন্য আহ্বানকৃত বিজ্ঞপ্তির বিষয়ে সম্যক জ্ঞাত হয়েছি। এতদ্দ্বারা আমি/আমরা/আমাদের বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রদত্ত কাগজপত্র অত্রসাথ ...................কপি দলিল দাখিল করছি।

কর্তৃপক্ষ আমাকে/আমাদের বর্ধিত দর (১৪.৫৯%) গ্রহণ করে কার্যাদেশ প্রদান করলে তা আমি/আমরা গ্রহণে বাধ্য থাকব এবং কার্যাদেশ প্রদান করলে কার্য সম্পাদন জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ..............................টাকা হিসেবে .........টি লটের জন্য ................................................ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি প্রদান করব অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি সমন্বয় করব। এছাড়া পণ্যের নিরাপত্তা জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০.০৯.২০২৪ খ্রি. পর্যন্ত) প্রদান করব অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০.০৯.২০২৪ খ্রি. পর্যন্ত) সমন্বয় করব মর্মে প্রতিজ্ঞা করছি।

সংযুক্তি: মোট.................. পাতা

স্বাক্ষরঃ-................................
মালিক/ব্যবস্থাপনা পরিচালক/
অংশীদার এর নামঃ
প্রতিষ্ঠানের নামঃ
ঠিকাদারি প্রতিষ্ঠান ও মালিকের নামসহ সিল
তারিখঃ

সংযুক্ত সত্যায়িত কাগজপত্রাদিঃ

০১। আবেদনপত্র (ফরম এস-০১)
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)
০৩। জাতীয় পরিচয়পত্র
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স
০৫। ২০২২-২০২৩ করবছরের দাখিলকৃত আয়কর সনদ
০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি
০৭। ৩০০ (তিনশত ) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অতীত দায়দেনার হলফনামা
০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন।

# আবেদনকারীর তথ্য সিট (ফরম-এস-২)

## ডিবিসিসি, ঢাকা

| | | | |
|---|---|---|---|
| বিজ্ঞপ্তি নং | : | ১৩.০১.০০০০.০৮৩.৫০.০০৮.২৩. | তারিখ- .১০.২০২৩ খ্রি. |
| চুক্তিবদ্ধ লট নং | : | | |

| | | | |
|---|---|---|---|
| ১.০ | ঠিকাদারের তথ্যাদিঃ | | |
| ১.১ | কর্মরত ও আগ্রহী লটের নং | : | |
| ১.২ | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম | : | |
| ১.৩ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদারের নাম | : | |
| ১.৪ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদারের স্থায়ী ঠিকানা | : | |
| ১.৫ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদারের ব্যবসায়িক ঠিকানা | : | |
| ১.৬ | কোন তারিখ থেকে কর্মরত আছে/চুক্তির তারিখ | : | |
| ১.৭ | একক মালিকানা/অংশীদারি/ লিঃ কোম্পানি | : | |
| ১.৮ | জাতীয় পরিচয়পত্র নং | : | |
| ১.৯ | ব্যবসায়িক ফোন/মোবাইল নম্বর | : | |
| ১.১০ | ব্যক্তিগত মোবাইল নম্বর | : | |
| ১.১১ | ই-মেইল (বাধ্যতামূলক) | : | |
| ১.১২ | লোকবলের সংখ্যা (তথ্যাদি আলাদা প্যাডে দিতে হবে।) | : | |
| ১.১৩ | হালনাগাদ ট্রেড লাইসেন্স এর তথ্য (মেয়াদ) | : | |

ঠিকাদারের স্বাক্ষর ও তারিখ

ঠিকাদারি প্রতিষ্ঠান ও মালিকের নামসহ সিল